



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
জেলা পরিসংখ্যান অফিস
ঝিনাইদহ।
www.bbs.jhenaidah.gov.bd

স্মারক নং- ৫২.০১.৪৪০০.০০০.৪৩.০৪৩.২৩-০০৭

তারিখ: ১৭ পৌষ ১৪৩০
০১ জানুয়ারি ২০২৪


বার্ষিক প্রতিবেদন

নিয়মিত কার্যাবলীসমূহ:

- ◆ ০৬টি প্রধান ফসলের পূর্বাভাস জরিপ, নমুনা কর্তন, আনুমানিক হিসাব এবং মূল্য ও উৎপাদন খরচ জরিপ এর মাধ্যমে একর প্রতি উৎপাদন ও উৎপাদন-ব্যয় এবং ফসলাধীন জমির পরিমাণ জেলাওয়ারী সংকলন করে নির্ধারিত সময়ে সদর দপ্তরে প্রেরণ করা।
- ◆ ১৫৬টি স্থায়ী ও অস্থায়ী অপ্রধান ফসলের (ভুট্টা, আম, কাঁঠাল, কলা ইত্যাদি) আনুমানিক হিসাবের মাধ্যমে একর প্রতি উৎপাদন ও মোট আবাদি জমির পরিমাণ নিরূপণ করে নির্ধারিত সময়ে সদর দপ্তরে প্রেরণ করা।
- ◆ মূল্য ও মজুরি পরিসংখ্যান শাখার ভোক্তা মূল্য সূচক (CPI), মজুরি হার সূচক (WRI), গৃহনির্মাণ সামগ্রী মূল্য সূচক (BMPI) ও বাড়ি ভাড়া সূচক (HRI) বিষয়ক তথ্য উপাত্ত প্রতিমাসে সংগ্রহ ও সদর দপ্তরে প্রেরণ করা।
- ◆ প্রতিমাসে Quantum Index of industrial Production (QIIP) ও Producer Price Index (PPI) এর তথ্য সংগ্রহ ও সদর দপ্তরে প্রেরণ করা।
- ◆ বন জরিপ, মৎস্য উৎপাদন জরিপ, গবাদি পশু ও হাঁস-মুরগির প্রাক্কলন জরিপ এবং ভূমি ব্যবহার ও সেচ পরিসংখ্যানসহ দাগগুচ্ছ জরিপ প্রতিবেদন জেলাওয়ারী সমন্বয় করে নির্ধারিত সময়ে সদর দপ্তরে প্রেরণ করা।
- ◆ প্রাকৃতিক দুর্যোগের কারণে সৃষ্ট অস্থায়ী ফসলের (আউশ, আমন, বোরো, গম, আলু, পাট) ক্ষয়ক্ষতির পরিমাণ নির্ণয় ও প্রেরণ করা।
- ◆ সরকারি পর্যায়ে উন্নয়ন পরিকল্পনাবিদ, নীতি-নির্ধারক, গবেষণা ও শিক্ষা প্রতিষ্ঠান, জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা এবং অন্যান্য ব্যবহারকারীগণের চাহিদা অনুসারে দূততার সাথে নির্ভরযোগ্য ও ব্যবহারবান্ধব পরিসংখ্যান সরবরাহকরণে সহায়তা প্রদান করা।
- ◆ জেলা পর্যায়ের স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সার্ভে ইন ডিজিটাল প্ল্যাটফর্ম (SVRS) জরিপের তথ্য সংগ্রহ পরিচালনা ও কার্যক্রম (জন্ম, মৃত্যু, আগমন, বহির্গমন, বিবাহ, তালাক, জন্মনিয়ন্ত্রণ এর তথ্য) সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণ করা।
- ◆ তাছাড়া সময়ে সময়ে পরিচালিত বিভিন্ন শুমারি (জনশুমারি ও গৃহগণনা ২০২২), বিভিন্ন জরিপ(শ্রমশক্তি জরিপ, শিশুশ্রম জরিপ, ICT জরিপ, খানার আয়-ব্যয় জরিপ, হস্ত ও কারুশিল্প জরিপ ইত্যাদি) কার্যক্রম পরিচালনা ও তদারকি করা।

অর্জনসমূহ:

- ◆ ০৬টি প্রধান ফসলের (আউশ, আমন, বোরো, পাট, গম, আলু) পূর্বাভাস জরিপ, নমুনা কর্তন, আনুমানিক হিসাব এবং মূল্য ও উৎপাদন খরচ জরিপ সংকলন করে নির্ধারিত সময়ে সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে।
- ◆ প্রায় ১৫৬টি স্থায়ী ও অস্থায়ী অপ্রধান ফসলের (আম, কাঁঠাল, কলা ইত্যাদি) আনুমানিক হিসাবের মাধ্যমে একর প্রতি উৎপাদন ও মোট আবাদি জমির পরিমাণ নিরূপণ করে নির্ধারিত সময়ে সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে।
- ◆ বন জরিপ, মৎস্য উৎপাদন জরিপ, গবাদি পশু ও হাঁস-মুরগির প্রাক্কলন জরিপ এবং ভূমি ব্যবহার ও সেচ পরিসংখ্যানসহ দাগগুচ্ছ জরিপ প্রতিবেদন জেলাওয়ারী সংকলন করে নির্ধারিত সময়ে সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে।
- ◆ শীতকালীন ও গ্রীষ্মকালীন ভুট্টা ফসলের আনুমানিক হিসাবসহ মাসিক কৃষি মজুরীর তথ্য জেলাওয়ারী সংকলন করে নির্ধারিত সময়ে সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে।
- ◆ স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (SVRS) ২০২৩ এর তথ্য সংগ্রহ কার্যক্রম সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।
- ◆ মাঠ পর্যায়ে কর্মরত জনবলের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে অফিস ব্যবস্থাপনা ও প্রশাসনিক বিভিন্ন বিষয়ের ওপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- ◆ প্রথম ডিজিটাল জনশুমারি ও গৃহগণনা ২০২২ মাঠ পর্যায়ে সফলভাবে সম্পন্ন হয়েছে।
- ◆ হস্ত ও কারুজাত শিল্প প্রতিষ্ঠান জরিপ ২০২২ এর তথ্য সংগ্রহ কাজ সময়মত সম্পন্ন হয়েছে।
- ◆ পথশিশু জরিপ এর তথ্য সংগ্রহ কাজ যথাযথভাবে পরিচালনা করা হয়েছে।
- ◆ ত্রৈমাসিক শ্রমশক্তি জরিপ (QLFS) এর তথ্য সংগ্রহ কাজ নিয়মিত মনিটরিং করা হয়েছে।
- ◆ প্রতিবন্ধী জরিপ ২০২২ তথ্য সংগ্রহ কাজ সময়মত সম্পন্ন হয়েছে।
- ◆ শিশু শিক্ষা জরিপ ২০২১ এর তথ্য সংগ্রহ কাজ সম্পন্ন হয়েছে।
- ◆ খানার আয়-ব্যয় জরিপ (HIES) এর তথ্য সংগ্রহ কাজ সম্পন্ন হয়েছে।
- ◆ User satisfaction survey এর তথ্য সংগ্রহ কাজ সম্পন্ন হয়েছে।



০১/০১/২০২৪

(মো. আব্দুল আলীম)

উপপরিচালক

জেলা পরিসংখ্যান অফিস

ঝিনাইদহ।

☎+৮৮০২৪৭৭৭৪৬২৭২

✉ddbbsjhenaidah@gmail.com